মেহেরপুরে প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন বিষয়ক আলোচনা সভা

মেহেরপুরে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের জন্য স্কুলের প্রধান শিক্ষক ও শিক্ষিকাদের সাথে মতবিনিময় ও আলোচনা সভা সভা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা প্রশাসন ও উপজেলা শিক্ষা অফিসের আয়োজনে বুধবার (২৮ আগষ্ট) বেলা ১২ টার দিকে সদর উপজেলা পরিষদের হল রুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার ডাঃ কাজী নাজিব হাসান।

এসময় তিনি বলেন, প্রাথমিক শিক্ষার গুনগত মান উন্নয়নের জন্য প্রাথমিক বিদ্যালয়ের সমস্যাগুলো চিহ্নিত করে দ্রুত সমাধান করা হবে। শিক্ষার্থীদের আধুনিক শিক্ষায় শিক্ষিত করে গড়ে তোলার জন্য বিজ্ঞানমনস্ক শিক্ষাব্যবস্থা চালু করা হবে।

এ সময় মেহেরপুর সদর উপজেলা শিক্ষা অফিসার আশরাফ উল আলম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার এস এম জয়নুল ইসলাম, আসাফুদ্দৌলা শামীম, শফিকুর রহমান, জহুরুল হক, ইন্সট্রাক্টর আব্দুল মতিন প্রমুখ উপস্থিত ছিলেন।

দর্শনা পৌরসভায় বৃক্ষ রোপন উদ্ধোধন উপলক্ষে আলোচনা সভা অনুষ্টিত

গাছ লাগায় পরিবেশ বাঁচাই এ স্লোগানকে সামনে রেখে দর্শনা পৌরসভায় রাস্তার দুই পাশে বৃক্ষ রোপন ও আলোচনা সভা ২০২৪ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল সাড়ে ১০ টায় দর্শনা রেল বাজার

মুক্ত মঞ্চ আবু সাঈদ চত্তরে এ বৃক্ষ রোপন কর্মসৃচী অনুষ্টিত হয়।

বৃক্ষ রোপন অনুষ্ঠানে সচেতন নাগরিক সমাজের আহবায়ক শিক্ষক হারুন জুয়েলের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যক্ষ প্রফেসার আজিজুর রহমান, এ সময় মুক্ত মঞ্চে এই বৃক্ষরোপণ কর্মসূচির শুভ উদ্ভোধন অনুষ্ঠানে বলেন, সবাই বেশি বেশি বৃক্ষ রোপন করে দেশটাকে আরো সবুজায়ন করতে হবে। সেই সাথে সবাইকে এক হয়ে দেশের উন্নয়নে কাজ করে যেতে হবে।

এ সময় আরও বক্তব্য দেন দর্শনা পৌরসভার কাউন্সিলর রবিউল হক সুমন, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, শিক্ষক আল হেলাল রাজা, তারিফ উদ্দিন, শিক্ষক ফারুক আহমেদ, আঃ খালেক ,আঃ হান্নান দূলাল, ডাবলু, জনি, রশিদ, সজল, সজিব ও সচেতন নাগরিক সমাজের সম্মানিত সদস্যবৃন্দ।

উপস্থাপনা করেন সদস্য বাকী বিল্লাহ।দর্শনা পৌরসভার রেল বাজার থেকে দর্শনা বাসষ্ট্যান্ড রাস্তার দু পাশে বিভিন্ন ধরনের ১শ টি ফুল ও ফলের গাছ লাগানো হয়। এ বৃক্ষ রোপন অনুষ্ঠানে সার্বিক সহযোগিতা করেন এম.ডি আর্থ মুভিং সলিউশন, ঢাকা ইঞ্জিনিয়ার মুজিবুল হক।

মেহেরপুরে সমসাময়িক প্রেক্ষাপট নিয়ে সিপিবির আলোচনা সভা

ছাত্র আন্দোলনে শহীদ ছাত্র এবং বন্যায় নিহত মানুষের জন্য শ্রদ্ধা জ্ঞাপনের মধ্য দিয়ে এবং দেশের সমসাময়িক প্রেক্ষাপটে দুঃশাসন হটাও, ব্যবস্থা বদলাও, বিকল্প গড়ো স্লোগানকে সামনে নিয়ে বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি) মেহেরপুর জেলা শাখার আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার (২৩ আগষ্ট) সকাল ১০ টার সময় মেহেরপুরের পুরাতন বাস স্ট্যান্ড এলাকায় বাংলাদেশের কমিউনিস্ট পার্টি, মেহেরপুর জেলা শাখার আয়োজিত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

শহিদুল ইসলাম কাননের সঞ্চালনা এবং শহিদুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় কেন্দ্রীয় প্রতিনিধি হিসেবে কমরেড ইদ্রিস আলী ও অতিথি হিসেবে কমরেড হাবিবি জহির উপস্থিত ছিলেন। এসময় উপস্থিত থেকে বক্তব্য রাখেন কমরেড মুসা করিম, সিদ্দিকুর রহমান, রফিক উদ্দিন, মাহমুদুল ইসলাম, উষা, পাভেল, এড: মিজানুর রহমান সহ নেতৃবৃন্দ।

দামুড়হুদায় ইউপি প্যানেল চেয়ারম্যান নির্বাচিত ও আলোচনা সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে গতকাল বুধবার সকাল ১০ টার দিকে কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আ:করিম বিশ্বাসের সভাপতিত্বে পরিষদের ইউপি সদস্য ও সচিবদের সাথে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় তিন প্যানেল চেয়ারম্যান পদত্যাগ করায় পরিষদে সর্বসম্মতি ক্রমে ৯ নং ওয়ার্ডের ইউপি সদস্য সাজিবার রহমানকে ১ নং প্যানেল চেয়ারম্যান, ১ নং ওয়ার্ডের ইউপি সদস্য আলমগীর হোসেনকে ২ নং প্যানেল চেয়ারম্যান ও সংরক্ষিত মহিলা আসনের ইউপি সদস্য সুমিয়া খাতুনকে ৩ নং প্যানেল চেয়ারম্যান নির্বাচিত করা হয়।

সভাপতির বক্তব্য চেয়ারম্যান আ:করিম বিশ্বাস তার বক্তব্য বলেন আমি স্বতন্ত্র চেয়ারম্যান পদপ্রার্থী ছিলাম। আমাকে ইউনিয়নের সাধারন মানুষ দলমত নির্বিশেষে ভোট দিয়ে আমাকে নির্বাচিত করেছে। আমি চেয়ারম্যান হিসাবে ইউনিয়নের সকলের চেয়ারম্যান। আমি শুরু থেকে দলমতের উর্দ্ধে থেকে পরিষদে সাধারন মানুষকে সেবা দিয়ে আসছি। গরীব দুখী মেহনতি মানুষের সেবা করে আসছি। চেয়ারম্যান হিসাবে চেয়ারে বসে কখনো কোন দলের পক্ষপাতিত্ব করে কাজ করিনি। চেষ্টা করেছি প্রকৃত নাগরিক সেবা দিতে। অসহায় দুস্থদের প্রাপ্য সেবা টুকু দিতে। আজকে আমি খুবই খুশী। আজকে আপনারা আমাকে আপনাদের চেয়ারম্যান মনে করেন বলে আমি সকলের সহযোগীতায় সকলের ভালোবাসায় পরিষদে অফিস

করতে পারছি। আপনাদের ভালোবাসার কাছে আমি কৃতজ্ঞতা জানাই।

এসময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম টুটুল, সাজিবার মেম্বর, আলমগীর হোসেন, সিরাজুল ইসলাম, মনিরুজ্জামান মন্টু, বিল্লাল হোসেন, আ:রাজ্জাক, আনেহার খাতুন, সুমাইয়া খাতুন, দেলোয়ারা খাতুন, মাহবুবুর রহমান, ইউপি সচিব হাসানুজ্জামান, হিসাবরক্ষক মতিয়ার রহমান, উদ্যোক্তা হারুন, ওমেদুল হক প্রমুখ।

হাঙ্গামা করার চেষ্টা করলে পিঠের চামড়া থাকবে না- টিলু

হারদির মাটিতে বিএনপি ২০০১ সালে ভোট পেয়েছিল ১০ হাজার আর আওয়ামীলীগ পেয়েছিল ১৫’শ। হারদির মাটি বিএনপির ঘাঁটি। বিএনপির কিছু লোক সংগঠনের নাম ভাঙিয়ে সাধারণ মানুষকে ভয় দেখাচ্ছে। আওয়ামী লীগ ভয় দেখিয়েছে, জেলে দিয়েছে ও মানুষকে ঘুমাতে দেয়নি। আর তোমরা কয়জন ডাকাতি করছো। তোমাদের পিঠের চামড়া থাকে না। বিএনপি ১/২ বছর পর হয়ত নির্বাচনে আসবে। বেলগাছিতে (শুক্রবার) মার খেয়েছো, আজকেও আবার খাইবা। আজকের সফর সঙ্গীদের সামনে এসে দাঁড়াও। তোমরা বেশি উপদ্রব সৃষ্টি ও হাঙ্গামা করার চেষ্টা করো না। বিএনপি কোন দাঙ্গাবাজ করবে না। যদি তোমরা দাঙ্গাবাজ করতে যাও তবে তোমারে রক্ষা নাই।

আলমডাঙ্গা উপজেলার হারদি ইউনিয়ন বিএনপির উদ্যোগে জোহা মাধ্যমিক হাইস্কুল মাঠে বৈষম্যবিরোধী আন্দোলনে নিহত শিক্ষার্থীদের দোয়া মাহফিল ও আলোচনা সভায় হারদি ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি মইনুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি শহিদুল কাউনাইন টিলু এমন মন্তব্য করেন।

এসময় তিনি জেলা বিএনপির সদস্য সচিব শরিফুজ্জামান শরীফের উদ্দেশ্যে বলেন, কে এই শরীফ? শরীফের ভাই টরিক সিঙ্গাপুর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক। তার বন্ধু শেখ হাসিনা সফর সঙ্গী হয়ে বিভিন্ন দেশে ঘুরে বেড়াই। সে বিএনপির কিছু ছেলেদের নিয়ে অপকর্ম

করে বেড়াচ্ছে। তারা বিভিন্ন গ্রাম থেকে আওয়ামী লীগের কিছু ছেলেদের নিয়ে দাঙ্গা হাঙ্গামা করে বেড়াচ্ছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক শেখ সাইফুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক আসিরুল ইসলাম সেলিম। সহ-সভাপতি মাগরিবুর রহমান, পৌর বিএনপির সাবেক সভাপতি আনিসুর রহমান আনিচ, সাংগঠনিক সম্পাদক রেজাউল হক, চিৎলা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও জেলা যুবদলের যুগ্ন সাধারণ সম্পাদক আব্দুস সালাম বিপ্লব, হারদি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক জমির উদ্দীন, সহ-সভাপতি আব্দুল মান্নান, সাংগঠনিক সম্পাদক রবিউল ইসলাম, জামজামি ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ডা: আলাউদ্দিন।

এছাড়া আরও উপস্থিত ছিলেন উপজেলা যুবদলের যুগ্ন-আহবায়ক নাসির উদ্দীন, আরিফুল ইসলাম ডালিম, আতিয়ার রহমান চিনি, পৌর যুগ্ন-আহবায়ক আব্দুল্লাহ আল মামুন, মঙ্গল, আনোয়ার, নজরুল ইসলাম, আব্দুল কুদ্দুস, গোলাম মোস্তফা, বোরহান উদ্দীন, আব্দুল্লাহ, মল্লিক, আব্দুর সালাম, হযরত আলী, সোয়েব আক্তার, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক তৌফিক খাঁন, যুগ্ন-আহবায়ক বাকি বিল্লাহ।

আলমডাঙ্গায় বিএনপির অঙ্গসংগঠনের নেতাকর্মীদের মতবিনিময় ও আলোচনা সভা

আলমডাঙ্গা উপজেলার খাসকররা ইউনিয়ন বিএনপি ও তার অঙ্গসংগঠনের নেতাকর্মীদের উদ্যোগে মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকেলে খাসকররা মাধ্যমিক হাইস্কুলে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খাসকররা ইউনিয়ন

বিএনপির সভাপতি আব্দুর রশিদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক রাজা, সহ- সভাপতি আব্দুস সাত্তার, সহ-সাধারণ সম্পাদক মোঃ পিন্টু কাজী, সাংগঠনিক সম্পাদক আব্দুল মান্নান মাস্টার, সাংগঠনিক সম্পাদক ফরিদুল ইসলামসহ আরও অনেকে উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় বক্তারা বলেন, সহিংসতাকে পরিহার করুন। যারা ভাঙচুর ও লুটপাট করছে এরা কেউ বিএনপির কেউ না। যদি কেউ এধরণের কাজের সাথে লিপ্ত থাকে তবে তার বিরুদ্ধে সাংগঠনিক ভাবে ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও নেতা আরো বলেন, আমাদের এলাকায় যারা সংখ্যালঘু পরিবার বসবাস করে, তাদের পরিবারগুলোকে রক্ষায় সবাইকে সজাগ থাকতে হবে। কেউ যদি তাদের উপরে কোন ধরণের অত্যাচার করে তাদের নিজ হাতে প্রতিহত করতে হবে।

মেহেরপুরে আ.লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা

বাংলাদেশ আওয়ামী লীগের ৭৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভার আয়োজন করেছে মেহেরপুর জেলা আওয়ামী লীগ।

আজ রবিবার বিকেলে জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ভার্চুয়ালি আলোচনা সভার সভাপতিত্ব করেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন।

এসময় বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ডা: নাজমুল হক সাগর, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক এডভোকেট ইব্রাহিম শাহিন, আইন বিষয়ক সম্পাদক অ্যাড পল্লব ভট্টাচার্য, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলাম, মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু,শহর

আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বারাদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন প্রমুখ।

এছাড়াও এসময় ইউপি চেয়ারম্যান শাহজাহান, সেলিম রেজা, মতিউর রহমান মতিন, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বাবুল আক্তার, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক রুতশোভা মন্ডল, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আ.লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা

বাংলাদেশ আওয়ামী লীগের ৭৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভার আয়োজন করেছে মেহেরপুর পৌর আওয়ামী লীগ।

আজ রবিবার (২৩ জুন) বিকালে জেলা পরিষদের হল রুমে এ আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠিত হয়।

পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাড. খ ম ইমতিয়াজ হারুন জুয়েলের সভাপতিত্বে এসময় জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাড মিয়াজান আলী, জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড আব্দুস সালাম, কেন্দ্রীয় আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য ও জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এম.এ.এস ইমন, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনসহ পৌর আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এসময় নেতারা বলেন,বাংলাদেশের জন্মের সঙ্গে জড়িত আছে আওয়ামী লীগের নাম। সকল জাতীয় অর্জনের সঙ্গে জড়িত আছে যে দলটির নাম তার নাম বাংলাদেশ আওয়ামী লীগ। এই দলের হাত ধরেই গড়ে উঠবে স্মার্ট

বাংলাদেশ। ইতিহাসের পরতে পরতে এই দলটির যে অবদান তা অবিস্মরণীয়। যে কারণে শত বাধা-বিপত্তি আর ষড়যন্ত্র মাড়িয়ে বাংলাদেশের সব সফলতার গল্পে অবদান আছে আওয়ামী লীগের।

চুয়াডাঙ্গায় বিশ্ব পরিবেশ দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা

“করবো ভুমি পুনরুদ্ধার, রুখবো মরুময়তা, অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা” এই প্রতিপাদ্য বিষয়টিকে ধারণ করে চুয়াডাঙ্গায় বিশ্ব পরিবেশ দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে গতকাল বুধবার সকাল ১১ টায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হামিদ রেজার সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বৈশ্বিক জলবায়ুর ক্ষতিকর প্রভাব ও উষ্ণতার বিরুপ প্রভাব মোকাবেলায় এবং আগামী প্রজন্মের জন্য পরিবেশ বান্ধব বিশ্ব গড়তে প্রত্যেককে গাছ লাগানো ও পরিচর্যাসহ পরিবেশের ক্ষতিকারক কাজ রোধে নিরলস পদক্ষেপ নিতে হবে।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গার পুলিশ সুপার আরএম ফয়জুর রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কবীর হোসেন প্রমুখ।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সহকারী কমিশনার আব্দুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের মধ্যে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা বন বিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা রাকিব উদ্দিন, দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার সম্পাদক ও প্রকাশক আজাদ মালিতা, ওয়েভ

ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার কানিজ সুলতানা, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ।

শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখে, চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজের শিক্ষার্থী সাদমাম আশরাফ, চুয়াডাঙ্গা ভিক্টোরিয়া জুবিলি সরকারি উচ্চ বিদ্যালয়ের ৯ম শ্রেণির শিক্ষার্থী কে.এম সালমান কবীর।

আলোচনা সভায় অন্যান্য বক্তারা বৈশ্বিক পরিবেশ বিপর্যয় রোধে গাছ লাগানোসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়ে আলোচনা করেন।

আলোচনা সভা শেষে পরিবেশ দিবসের উপর স্কুল ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয় এবং প্রত্যককে একটি করে ফলোজ ও ঔষধি গাছের চারা উপহার দেয়া হয়।

এসময় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সিভিল সার্জনের প্রতিনিধি ডা. শামীমা ইয়াসমিন, জেলা প্রশাসনের নেজারত ডেপুটি কালেক্টর সাইফুল ইসলাম সাইফ, অন্যান্য কর্মকর্তাবৃন্দসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী ও এনজিও প্রতিনিধিবৃন্দ।

চুয়াডাঙ্গায় বিশ্ব তামাক মুক্ত দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা

চুয়াডাঙ্গায় বিশ্ব তামাক মুক্ত দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

তামাক কোম্পানির হস্তক্ষেপ প্রতিহত করি শিশু সুরক্ষা নিশ্চিত করি প্রতিপাদ্য জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সার্বিক সহযোগিতায় এবং চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের

আয়োজনে বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আজ শুক্রবার সকাল সাড়ে নয়টার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে দিবসটি উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে হতে একটি বর্ণাঢ্য র্যালি বাহির হয়ে চুয়াডাঙ্গার বিভিন্ন প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে আবার চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে এসে শেষ হয়। বর্ণাঢ্য র্যালি শেষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলনে কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবীর হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

আলোচনা সভায় বক্তারা তামাকজাত পণ্যের উপর প্রতিহত এবং ব্যবহার নিরুৎসাহিত করার উপর বিশেষ জোরদার এবং একজন ব্যক্তির সামগ্রিক স্বাস্থের উপর সিগারেটসহ অন্যান্য তামাকজাত দ্রব্যের ক্ষতিকারক প্রভাব তুলে ধরেন। তামাক চাষ ও তামাকজাত পণ্যের মারাত্মক স্বাস্থ্য ঝুঁকি, পরিবেশ ও অর্থনৈতিক ক্ষতির বিভিন্ন দিক তুলে ধরে ভবিষ্যৎ প্রজন্মকে তামাকজাত পণ্যের প্রভাব মুক্ত রাখতে পরিবার, শিক্ষা প্রতিষ্ঠান, বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরেন। পরিশেষে, তামাকজাত দ্রব্য ও ধূমপান নিয়ন্ত্রণে সকলের সম্মিলিত উদ্যোগ ও সহযোগিতা প্রত্যাশা করেন বক্তারা। অনুষ্ঠানটি সঞ্চালনা করতে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুমাইয়া

র্যালি ও আলোচনা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা।

এ সময় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) (পুলিশ সুপার পদে পদোন্নতি প্রাপ্ত) রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার ফাতেমা তুজ জোহরা, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) নাজিম উদ্দীন আল আজাদ, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও জেলা পুলিশ বিভিন্ন পদমর্যাদার কর্মকর্তাবৃন্দ, সাংবাদিকবৃন্দ, এনজিও সংস্থা, স্কুল কলেজের শিক্ষক, রোভার স্কাউটস ও কোমলমতি শিক্ষার্থীরা উপস্থিত

□□□□□□